

আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ), সাভার
সাভার সেনানিবাস

বিবিএ উত্তীর্ণ শিক্ষার্থীদের এমবিএ প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত নীতিমালা

- ১.১ আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ), সাভার হতে বিবিএ (Bachelor of Business Administration) প্রোগ্রাম সম্পন্নকারী শিক্ষার্থীরা এমবিএ (Master of Business Administration) এর এমবিএ ফর বিবিএ গ্রাজুয়েটস্ প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ব্যতিরেকে ভর্তির যোগ্য বিবেচিত হবেন। যদি কোন শিক্ষার্থী ইএমবিএ প্রোগ্রামে ভর্তি হতে চায় সেক্ষেত্রে ২ বছর চাকুরীর অভিজ্ঞতার সনদ প্রমাণপূর্বক ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবেন।
- ১.২ এমবিএ প্রোগ্রামে ভর্তির জন্য শিক্ষার্থীর বিবিএ প্রোগ্রামে কোন সেমিস্টার ফি, জরিমানা ও আনুষঙ্গিক দায় সম্পূর্ণরূপে পরিশোধ ও ক্লিয়ার থাকতে হবে।
- ১.৩ শিক্ষার্থীর লাইব্রেরি সংক্রান্ত কোনো বকেয়া বা দায় থাকা যাবে না।
- ১.৪ শিক্ষার্থী বিবিএ প্রোগ্রাম সম্পন্নের পর প্রাপ্ত সকল একাডেমিক সনদপত্র (Certificate), নম্বরপত্র (Marksheet) ও প্রয়োজনীয় কাগজপত্র শিক্ষার্থী নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিবিএ প্রোগ্রাম হতে উত্তলন করে এমবিএ প্রোগ্রামে ভর্তির সময় জমা প্রদান করতে হবে।
- ১.৫ এমবিএ প্রোগ্রামে ভর্তি হওয়া শিক্ষার্থীরা কোনো প্রকার বৃত্তি, ফি-ছাড় বা আর্থিক সহায়তা প্রাপ্ত হবেন না।
- ১.৬ ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীর বিবিএ ফলাফল, একাডেমিক রেকর্ড এবং শৃঙ্খলাজনিত অবস্থান বিবেচনায় নেওয়া হবে।
- ১.৭ ভর্তির নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ১.৮ এমবিএ প্রোগ্রামে ভর্তির সময় জমাকৃত সনদপত্র ও নথিপত্র প্রতিষ্ঠানের নথিভুক্তকরণ বিধি অনুযায়ী সংরক্ষিত থাকবে।
- ১.৯ এমবিএ প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য কোনো প্রকার হোস্টেল, পরিবহন বা আবাসন সুবিধা প্রযোজ্য হবে না।
- ১.১০ কর্তৃপক্ষ প্রয়োজনে এই নীতিমালা আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/১৮
০৫.০১.২০২৬

প্রভাষক ড. রাহাত খান
এমবিএ প্রোগ্রাম কো-অর্ডিনেটর